

ATMAJA: The Association of Adoptive Parents
Regd. Office : 517 Jodhpur Park, Kolkata 700 068
E-mail : atmaja_calcutta@yahoo.com
website : www.atmaja.org.in
Phone : (033) 2473-6911/2358-8306/2442-7192

দত্তক নিয়ে পিতৃস্ব-মাতৃস্ব অর্জন

সুপ্রিয়:

পিতৃস্ব-মাতৃস্ব লাভের ইচ্ছা খুবই স্বাভাবিক। সেটি নিঃসন্দেহে একটি সুন্দর অভিজ্ঞতা। আপনারা এত পথ ঘুরে আজ এই ওয়েবসাইট-টি দেখছেন মানে আপনাদের মনের ভিতরে শিশুলাভের প্রবল ইচ্ছা সম্বন্ধে আপনারা অবহিত। শিশুর জন্মদান পিতৃস্ব-মাতৃস্ব লাভের জন্য একটি ছোট পদক্ষেপ মাত্র; সেটাই সবকিছু নয়। পিতৃস্ব-মাতৃস্ব লাভের আরও গুরুত্বপূর্ণ এবং দীর্ঘস্থায়ী ব্যাপার হল শিশুটিকে লালন-পালন করার অভিজ্ঞতা। শিশুকে বড় করে তোলার মধ্যে দিয়ে শিশু ও পিতামাতার মধ্যে যে স্নেহের বন্ধন ও চিরস্থায়ী সুসম্পর্ক গড়ে ওঠে, তার মধ্যেই নিহিত আছে পিতৃস্ব-মাতৃস্ব লাভের আনন্দ। জন্মদানে ব্যর্থ হলেও, ইচ্ছুক ও স্নেহকাতর পিতামাতাকে কেউ এই আনন্দঘন অভিজ্ঞতা থেকে বঞ্চিত করতে পারে না। এই বিকল্প (দত্তক) পদ্ধতিতে পিতৃস্ব-মাতৃস্ব লাভের মধ্যে একটুও কম আনন্দ নেই।

মানসিক ও শারীরিক দু'ভাবেই আপনাদের যে কতটা প্রতিকূল অবস্থার মধ্যে দিয়ে যেতে হচ্ছে, তা আমরা ভালোই বুঝতে পারি। সেই সঙ্গে আপনাদের অভিনন্দন জানাতে চাই কারণ আপনারা দত্তক নেওয়ার সিদ্ধান্তে উপনীত হতে পেরেছেন এবং দত্তক নেওয়ার পদ্ধতি হয়তো শুরুও করে দিয়েছেন। এটা পিতৃস্ব-মাতৃস্ব লাভের জন্য ক্ষণস্থায়ী সেই কষ্ট, যাকে আপনারা গর্ভাবস্থার সঙ্গে তুলনা করতে পারবেন। আমরাও এই পদ্ধতির মধ্যে দিয়ে গেছি এবং সংশ্লিষ্ট উদ্বেগ ও অপেক্ষার যন্ত্রণা ভালোভাবেই বুঝতে পারি। আমরা তার পরবর্তী পিতৃস্ব-মাতৃস্ব লাভের আনন্দটাও বুঝি, যা আজ এই সূচনাপত্রের মাধ্যমে আপনাদের সঙ্গে ভাগ করে নিতে চাই। অবশ্যই মাঝে মাঝে উদ্বেগ ও দুঃশ্চিন্তার মুহূর্ত আসে, যা যে কোনও পিতামাতার জীবনে স্বাভাবিক ঘটনা। কিছু কিছু দত্তক-সংক্রান্ত বিশেষ ধরণের উদ্বেগের সময় আসে; আমরা সেগুলোও আপনাদের সাথে ভাগ করব। তার সঙ্গে আলোচনা করব কিভাবে নানা উপায়ে সেগুলোর সম্মুখীন হতে হয়, যা আমরা এতকাল ধরে নিজেদের মধ্যে আলোচনা করে, সোশ্যাল ওয়ার্কার ও কাউন্সেলরের পরামর্শমত, শিখে এসেছি।

আর কিছুদিন পরে, যে মুহূর্তে আপনারা শিশুটিকে প্রথম দেখবেন এবং যেদিন তাকে বাড়ীতে নিয়ে যাবেন, তা বিশেষভাবে মনের মধ্যে গেঁথে রেখে দেবেন। এটাই আপনাদের জন্য শিশুকে জন্মদানের মুহূর্ত। পিতামাতা হিসাবে আপনাদের জীবন, অন্য পিতামাতাদের মত, সেই মুহূর্তে শুরু হবে; সঙ্গে থাকবে আনন্দ ও সুখ, উদ্বেগ ও উদ্দীপনা এবং কর্মব্যস্ততার আহ্বান। আপনারা দু'জন সেই মুহূর্তে

পিতামাতা হবেন এবং তারপরে আর পিছনে দেখার সময় পাবেন না। আপনাদের তখন দায়িত্ব এই পিতৃস্ব-মাতৃস্ব উপভোগ করার।

সাদৃশ্যটা লক্ষ্য করুন। একটার পর একটা ঘটনা – শুরু হয় অস্থির-সিদ্ধান্ত ও দ্বিধা দিয়ে, তারপর উদ্বেগ ও অপেক্ষা, তারপর সেই আনন্দ ও উদ্দীপনা, এবং তারপর কর্মব্যস্ততা – একেবারে যে কোনও পিতামাতাদের মত একইরকম। শিশুকে কিভাবে বড় করে তুলবেন, তা নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে ভিন্নমত থাকতেই পারে। কিন্তু এই যে সমস্যা-সংকুল জীবন, নানারকম প্রতিকূল অবস্থার সঙ্গে লড়াই এবং দু'জনে মিলে তাদের সমাধান বের করা, এই সব কিছুই ঐ শিশুকে ঘিরে, তারই চূড়ান্ত মঙ্গল কামনা করে – ঠিক যে কোনও পিতামাতার মতই।

এই সূচনাপত্রের এবং সাধারণভাবে এই ওয়েবসাইট-টির উদ্দেশ্য হল দত্তক নিয়ে পিতৃস্ব-মাতৃস্ব লাভের ব্যাপারে একটা আভাস দেওয়া, তৎসংক্রান্ত নানা বিষয়, সমস্যা এবং তাদের সম্ভাব্য সমাধান, ইত্যাদি সম্বন্ধে কিছু ইঙ্গিত দেওয়া, যাতে পিতামাতা হিসাবে আপনারা আপনাদের জীবনকে আনন্দঘন, মসূন এবং অর্থবহ করে তুলতে পারেন। আমরা আশা করব, এই ওয়েবসাইট-টি দেখার শেষে অল্প হলেও সেই লক্ষ্যে আমাদের কিছুটা অবদান থাকবে। প্রারম্ভে, আমরা আপনাদের এই সুপ্রচেষ্টায় আন্তরিক শুভেচ্ছা জানাই ও মঙ্গল কামনা করি।